



বাংলা ট্রিবিউল

১১-০৩-২০২৪, অনলাইন

শিক্ষার্থীদের মেধাবৃত্তি দিলো ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি

বাংলা ট্রিবিউন ডেস্ক

১১ মার্চ ২০২৪, ১১:২৭



অভিভাবকের সঙ্গে বৃত্তিপ্রাপ্তরা

ভালো ফলের জন্য ২৪৯ জন শিক্ষার্থীকে মেধাবৃত্তি দিয়েছে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি। ২০২৩ সালের প্ৰিং, সামার এবং ফল সেমিস্টারের ২৪৯ জন শিক্ষার্থী এই বৃত্তি পেয়েছেন। রবিবার (১০ মার্চ) বিশ্ববিদ্যালয়ের 'মঞ্জুর এলাহী' অডিটোরিয়ামে এক আয়োজনে এই বৃত্তি দেওয়া হয়। এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের (এডিবি) বাংলাদেশ আবাসিক মিশনের কাফি ডিরেক্টর এডিনন পিনটিং। প্রধান অতিথির বক্তৃতায় পিনটিং বৃত্তিপ্রাপ্তদের অভিনন্দন জানান। তিনি উল্লেখ করেন, ছাত্রজীবনে তিনিও এমন বৃত্তিও পেয়েছিলেন, যা তাকে তার আজকের অবস্থান অর্জন করতে অনুপ্রাণিত করেছিল। তিনি শিক্ষার্থীদের বড় স্বপ্ন দেখতে এবং দেশের উন্নয়নে অবদান রাখতে উদ্বুদ্ধ করেন।

তিনি বলেন, 'শুধু উঁচু উঁচু ভবন এবং ফ্লাইওভার নির্মাণই যথেষ্ট উন্নয়ন নয়, বরং শিক্ষা ও জ্ঞানের মাধ্যমে মানুষের জীবনযাত্রার মানের উন্নয়ন ঘটানো সত্যিকারের উন্নয়ন।' অনুষ্ঠানে বৃত্তি পাওয়া শিক্ষার্থীদের মধ্যে সনদ বিতরণ করেন তিনি।

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির প্রধান উপদেষ্টা ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সদস্য এইচ এন আশিকুর রহমান। হাফত বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক শামস রহমান। অনুষ্ঠানে আরও ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সদস্য, উপ-উপাচার্য, কোষাধ্যক্ষ, ডিন, শিক্ষক, কর্মকর্তা, বৃত্তি পাওয়া শিক্ষার্থী এবং তাদের অভিভাবকরা।